রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/ ২৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর ***০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪ ৯৭***—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কাউন্সিলের গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | সভাপতি |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | মন্ত্রিপরিষদ সচিব | সদস্য |
| (১০) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১১) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (১২) | চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন | সদস্য |
| (১৩) | চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন | সদস্য |
| (১৪) | সদস্য (কার্যক্রম বিভাগ), পরিকল্পনা কমিশন | সদস্য |
| (১৫) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| (১৬) | নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) | সদস্য |
| (১৭) | সদস্য (আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ), পরিকল্পনা কমিশন | সদস্য |
| (১৮) | রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা | সদস্য |
| (১৯) | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| (২০) | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| (২১) | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (২২) | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) | সদস্য |
| (২৩) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য সচিব |

এ কাউন্সিলে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কাউন্সিলের কার্যপরিধি :**

(১) জাতীয় প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন, পর্যালোচনা, মূল্যায়ন এবং সংশোধনপূর্বক যুগোপযোগী করার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান ;

(২) প্রশিক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার স্থির করা এবং প্রাধিকারের ভিত্তিতে সম্পদ বরাদ্দের দিক নির্দেশনা প্রদান;

(৩) জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার উপযোগী জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন ও এর বাস্তবায়ন সম্পর্কে দিক নির্দেশনা প্রদান;

(৪) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা মূল্যায়নের ভিত্তিতে এর ফলাফল ও কার্যকারিতা সম্পর্কে অবহিত হওয়া; এবং

(৫) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা অধিকতর ফলপ্রসূ ও কার্যকর করার ব্যাপারে দিক নির্দেশনা প্রদান।

(গ) কাউন্সিল প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

(ঘ) কাউন্সিলের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয় কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

চ এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩১ মার্চ ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৯৫ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ আশরাফুজ্জামান ভূঁইয়া)
উপসচিব (কমিটি)
ফোন: ৯৫১১০৮১
e-mail: ca_sec@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd